**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, অফিসারদের সহযোগিতায় খুব অল্প সময়ের মধ্যে রাজ্যে পঞ্চায়েতস্তর পর্যন্ত ই-অফিস ব্যবস্থা চালু হয়েছে।**

**(২) খুমুলুঙে মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য-এর ১১৬ তম জন্মবার্ষিকী উদযাপন।**

**(৩) নাগরিকত্ব সংশোধনী আইন কোনও ধর্মের নাগরিকত্বের অধিকার কেড়ে নেয় না-বলেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।**

**(৪) শিলংয়ে আয়োজিত খেলো ইন্ডিয়া মহিলা লীগ জুডোর আসরে ত্রিপুরা আরও তিনটি পদক পেলো।**

*****************************

**CM-Blood Donetion:**

রক্তের কোন ধর্ম নেই। রক্তের কোন বিকল্পও নেই। রক্তদানকে সামাজিক আন্দোলনে পরিণত করতে হবে। আজ আগরতলায় দুটি পৃথক রক্তদান শিবিরের আনুষ্ঠানিক সূচনা করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রীর দুটি অনুষ্ঠানেই সামাজিক দায়বদ্ধতা ও দক্ষতা নিয়ে এগিয়ে আসার জন্য আহ্বান জানিয়েছেন। সিভিল সার্ভিস অফিসার ইনস্টিটিউট-এর উদ্যোগে রক্তদান শিবিরের আয়োজন করা হয় রাজ্য অতিথিশালায়। মুখ্যমন্ত্রী এই শিবিরের উদ্বোধন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন মুখ্য সচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহা নির্দেশক অমিতাভ রঞ্জন প্রমূখ। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা সিভিল সার্ভিস

অফিসারস ইনস্টিটিউটের রক্তদান শিবিরে বলেন, অফিসাররা হচ্ছেন প্রশাসনের কান্ডারী। তাদের মধ্যে কাজের মাধ্যমেই সরকারের কাজকর্ম রূপায়িত হয়ে থাকে। অফিসারদের সাহায্য ও দ্রুত তৎপরতার ফলেই খুব অল্প সময়ের মধ্যে রাজ্যে পঞ্চায়েতস্তর পর্যন্ত ই-অফিস ব্যবস্থা চালু হয়েছে। মুখ্যমন্ত্রী সিভিল সার্ভিস অফিসার ইনস্টিটিউট এর সামাজিক কাজের ভূয়সী প্রশংসাও করেন।

মুখ্যমন্ত্রী আজ কৃষ্ণনগর বয়েজ ক্লাব আয়োজিত আগরতলা বিজয় কুমার দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয় রক্তদান শিবির উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন মহিলারা ক্লাবের সাথে যত বেশি যুক্ত হবেন ততই সামাজিক পরিবেশের উন্নতি হবে। শিবিরে বক্তব্য রাখেন আগরতলার মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার এবং ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ডক্টর ধনঞ্জয় গণ চৌধুরী।

*******************

**MBB Manikya Bahadur at Khumulwng:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আধুনিক ত্রিপুরার রূপকার মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য ত্রিপুরা রাজ্যের শিক্ষা ও স্থাপত্য ভাস্কর্যের ক্ষেত্রে এক নতুন দিশা দেখিয়েছিলেন। সেই দিশায় এগিয়ে যেতে পারলেই মহারাজের প্রতি যোগ্য সম্মান প্রদর্শন করা হবে। আজ দ্য ইনট্যাক ত্রিপুরা চ্যাপ্টার ও ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের উদ্যোগে খুমুলুঙের নুয়াই অডিটরিয়ামে মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য ১১৬ তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে একথা বলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা। অনুষ্ঠানে মহারাজা বীর বিক্রমের নানা দিক নিয়ে প্রদর্শনীর আয়োজন করা হয়। এছাড়া বীর বিক্রমের জীবনী নিয়ে সুভেনিয়র প্রকাশ করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এডিসির মুখ্য নির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গঙ্গা প্রসাদ প্রসেইন প্রমুখ।

*******************

**World Photography Day:**

ত্রিপুরা ফটো জার্নালিস্টস অ্যাসোসিয়েশননের উদ্যোগে আগামীকাল থেকে আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তিনদিন ব্যাপী ফটো প্রদর্শনীর আয়োজন করা হচ্ছে। প্রদর্শনীর উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। প্রদর্শনী প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ৯টা পর্যন্ত সর্বসাধারণের জন্য খোলা থাকবে।

******************

**Rakshabandhan utsab, Nalchar:**

আজ নলছড় বিধানসভা কেন্দ্রের দুর্লভনারায়ন কমিউনিটি হলে রাখীবন্ধন উৎসব অনুষ্ঠিত হয়। বিধায়ক কিশোর বর্মনের উদ্যোগে আয়োজিত এই উৎসব অনুষ্ঠানে পূর্ব দুর্লভনারায়ন, পশ্চিম দুর্লভনারায়ন ও বড়দোয়াল এই ৩টি পঞ্চায়েতের ছাত্র-ছাত্রীদের স্কুল ব্যাগ প্রদান করা হয়। ছেলে-মেয়েদের মধ্যে পড়াশোনায় উৎসাহ বৃদ্ধির লক্ষ্যেই তার এই উদ্যোগ বলে জানান বিধায়ক কিশোর বর্মন ।

******************

**CM Visit -Teacher Abhijit Dey’s House:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বিকেলে উদয়পুরে প্রয়াত শিক্ষক অভিজিৎ দে’র বাড়িতে যান । মুখ্যমন্ত্রী প্রয়াত শিক্ষকের সহধর্মিনীর সাথে কথা বলেন।

পরে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের বলেন, এই ঘটনা অত্যন্ত দুঃখজনক। পুলিশকে কড়া নির্দেশ দেওয়া হয়েছে যাতে দোষীরা কোন ভাবেই ছাড়া না পায় । আইন আইনের পথেই চলবে । তিনি জানান, আসামীদের আটক করা হয়েছে, প্রসঙ্গত, অতর্কিত আক্রমনে আহত হয়ে জিবি হাসপাতালে চিকিৎধীন শিক্ষক অভিজিৎ দে-র সম্প্রতি মৃত্যু হয় । এই হত্যাকাণ্ডে অভিযুক্ত চার জনকে পুলিশ আটক করেছে।

******************

**Lawyer's & Youth representatives:**

আজ আইনজীবি এবং ছাত্র-যুবদের এক প্রতিনিধি দল উদয়পুরের প্রয়াত শিক্ষক অভিজিৎ দে'র বাড়িতে যান l তারা পরিবারের সদস্যদের সাথে কথা বলেন এবং সমস্ত রকম সাহায্যের আশ্বাস দেন। পরে তারা এই ঘটনায় পুলিশ, হাসপাতাল ও শিক্ষা দপ্তরের ভূমিকা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন l প্রতিনিধি দলে ছিলেন সারা ভারত গণতান্ত্রিক আইনজীবি সমিতির নেতৃত্ব, প্রশান্ত পাল, সুব্রত রায়, রঞ্জন কৃষ্ণ দাস, এবং DYFI, TYF, SFI ও TSU নেতৃবৃন্দ।

******************

**Triffic:**

নাগেরজলা এবং বটতলা ট্রাফিক ব্যবস্থা নিয়ে আজ যানচালকদের সাথে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয় । এই মতবিনময় সভায় উপস্থিত ছিলেন ত্রিপুরা সড়ক পরিবহন নিগমের চেয়ারম্যান বলাই গোস্বামী ও ট্রাফিক এসপি মানিক দাস  সহ অন্যান্যরা।

এই মত বিনিময় সভায় মূলত যানজট থেকে শহরকে মুক্ত করা এবং যত্রতত্র পার্কিং ব্যবস্থা গড়ে না তোলার বিষয়টি নিয়েও  আলোচনা  হয়।

******************

**Amit Shah:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, নাগরিকত্ব সংশোধনী আইন কোনও ধর্মের নাগরিকত্বের অধিকার কেড়ে নেয় না, বরং এই আইন নাগরিকত্বের পাশাপাশি ভারতে শরণার্থীদের সম্মাণ ও ন্যায়বিচার দেয়। আজ আহমেদাবাদে এক অনুষ্ঠানে ১৮৮ জন প্রবাসীকে নাগরিকত্বের শংসাপত্র প্রদানের পর তিনি বক্তব্য রাখছিলেন। শ্রী শাহ, ভোট ব্যাংক এবং তুষ্টির রাজনীতির কারণে হিন্দু এবং অন্যান্য সংখ্যালঘু প্রবাসীদের অবহেলা করার জন্য পূর্ববর্তী কংগ্রেস সরকারের সমালোচনা করেন। তিনি সারা দেশে সিএএ বাস্তবায়নের জন্য মোদী সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। এর আগে সকালে শ্রী শাহ আহমেদাবাদ পুর নিগমের বিভিন্ন

উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন যার মধ্যে রয়েছে অক্সিজেন পার্ক, জিমনেসিয়াম এবং সুইমিং পুল।

*******************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পায়েংটার্ন সিনাওয়াত্রা-কে থাইল্যান্ডের প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী শ্রী মোদী, শ্রীমতী সিনাওয়াত্রা-র সফলতা কামনা করেছেন। শ্রী মোদি বলেছেন, তিনি ভারত ও থাইল্যান্ডের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করতে কাজ করার জন্য উন্মুখ।

*******************

**World Meetei Council:**

ওয়ার্ল্ড মিতৈ কাউন্সিল ত্রিপুরা শাখার উদ্যোগে আজ আগরতলা প্রেসক্লাবে এক সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ কৃতিত্বের জন্য ছয় জনকে সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। এরা হলেন বিশিষ্ট কবি সোরোকখাইবাম গাম্ভিনী, বডি বিল্ডার বিশাল সিং, দাবা খেলোয়ার উমাশঙ্কর দত্ত, জিনমাস্ট ময়েংবাম অজয় সিং, নৃত্যশিল্পী রাজকুমার ভ্রমরজিৎ সিংহ এবং কারুশিল্পী সৌভম নির্মলা। এছাড়া এবছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতি ২৩ জন মনিপুরী ছাত্র-ছাত্রীদেরও সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গঙ্গা প্রসাদ প্রসেইন, সংগঠনের ভাইস চেয়ারম্যান ড: কে এল্ড চান্দ প্রমুখ।

*******************

**Umakanta Academy-Allamoni:**

উমাকান্ত একাডেমী এলামনির কেন্দ্রীয় কার্যকরী কমিটি পুনর্গঠিত হলো। আজ সংগঠনের দ্বিবার্ষিক সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে ২১ সদস্যক নতুন কেন্দ্রীয় কার্যকরী কমিটি গঠন করা হয়। নবগঠিত কমিটির সভাপতি

হয়েছেন শুভব্রত দেব। সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ পদে পুনঃনির্বাচিত হয়েছেন শুভাশিস মজুমদার এবং সুভাষ ঘোষ। সভায় উমাকান্ত একাডেমীর সম্মুখভাগ সৌন্দর্যায়ন এবং উমাকান্ত দাস ও মহারাজা বীরচন্দ্র মানিক্য বাহাদুরের আবক্ষ মূর্তি স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

*******************

**Bharat Bikash porishod:**

ভারত বিকাশ পরিষদ পূর্ব শাখার উদ্যোগে আজ মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় গীতা শ্লোক ও  সমবেত সংগীত প্রতিযোগিতা। উপস্থিত ছিলেন পূর্ব শাখার সভাপতি শ্যামল ভট্টাচার্য্য,প্রান্তীয় সভাপতি ভজন ভট্টাচার্য্য সহ পরিষদের পূর্ব, পশ্চিম ও আঞ্চলিক সদস্য সদস্যাগণ। ১২টি বিদ্যালয়ের প্রায় ১৩০ জন ছাত্রছাত্রী প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। হিন্দী, সংস্কৃত ও বাংলা লোকগীতি এই তিনটি ভাষায় সংগীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

*******************

**Rally:**

মেয়েদের সুরক্ষা সহ তিনটি দাবি নিয়ে আজ আগরতলা শহরে মিছিল সংগঠিত করলো নারী-পুরুষ পড়ুয়া সহ বিভিন্ন পেশার মানুষ । পশ্চিমবঙ্গের আর জি কর কাণ্ডে রাজ্যে সরব হল সাধারণ মানুষ। জাতি ধর্ম নির্বিশেষে মানুষের হয়ে মানুষের পাশে দাঁড়ান এই আহ্বান রেখে উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণ থেকে মিছিল শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে এবং সিটি সেন্টারের সামনে এসে জমায়েত হয় । সেখানে মেয়েদের সুরক্ষা সহ তিনটি দাবি পেশ করে বক্তারা আলোচনা করেন। দাবিগুলোর মধ্যে নারী সংক্রান্ত যে কোন মামলা দ্রুত গ্রহণ করা, প্রত্যেক স্কুলের ছেলেমেয়েদের আত্মরক্ষার জন্য স্কুলগুলোতে ট্রেনিং এর ব্যবস্থা করা, সর্বোপরি নারী সংক্রান্ত মামলার রায় একটি নির্দিষ্ট সময়ে মধ্যে প্রদান করা।

*******************

**IMD:**

ভারতীয় আবহাওয়া দপ্তর দেশের পূর্বাঞ্চলে আগামী দুই তিনদিন ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, দক্ষিন বাংলাদেশের উপর একটি নিম্নচাপ উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হতে পারে এবং আগামীকাল নাগাদ বাংলাদেশ ও তৎসংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপর সুনির্দিষ্ট এলাকায় নিম্নচাপে পরিনত হতে পারে। এর প্রভাবে আগামী মঙ্গলবার পর্যন্ত গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, উড়িষ্যা, ঝাড়খন্ড, বিহার, সিকিম, আসাম, মেঘালয়, নাগাল্যান্ড, মনিপুর, মিজোরাম এবং ত্রিপুরায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হতে পারে।

*******************

**Weather :**

এদিকে, আগরতলা বিমানবন্দরস্থিত আবহাওয়া অফিস জানিয়েছে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যের কিছু কিছু অঞ্চলে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হতে পারে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস।

*******************

**Khelo India:**

শিলংয়ে আয়োজিত খেলো ইন্ডিয়া মহিলা লীগ জুডোর আসরে ত্রিপুরা আরও তিনটি পদক পেলো। ক্যাডেট ৪০ কেজি বিভাগে স্বর্ণপদক জয় করে ইন্দ্রানী দাস। একই বিভাগের উমা বেগম দখল করে রৌপ্য পদক। এছাড়া ৪৪ কেজি বিভাগে আকাঙ্খা ঘোষ দখল করে ব্রোঞ্জ পদক। আসরে দুদিনে ত্রিপুরার দখলে এলো দুটি স্বর্ণ সহ মোট ছয়টি পদক।

*******************

**Rakhal Shild:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড ঘরোয়া নকআউট ফুটবল প্রতিযোগিতায় ত্রিপুরা পুলিশ কোয়ার্টার ফাইনালে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়াম আজ নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা পুলিশ ১-০ গোলে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে।

*******************

*******************